ই-মেইল/জিইপি/বাহক

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
এস.ইসলাম পার্ক ভিউ, ১৫২/১, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা-৩৫০০
www.cevccomilla.gov.bd

**সাধারণ বিজ্ঞপ্তি/নোটিশ**

বিষয় : চোরাচালানের অভিযোগে আটককৃত পণ্য ও গাড়ির বৈধ মালিকানা/দাবীদারকে এ দপ্তর বরাবর মালিকানা দাবী করে (যদি কেউ থাকে) আবেদন করার অনুরোধ সম্বলিত বিজ্ঞপ্তি।

সূত্র : শুল্ক গুদাম, ফেনী এর জি.আর. নম্বর: ২৫২/২০২৩, তারিখ: ০৩/০৮/২০২৩ ।

| | |
|---|---|
| আটককারী কর্তৃপক্ষ | : ০৪ বর্ডার গার্ডস বাংলাদেশ, ফেনী এর সদস্যগণ। |
| আটকের স্থান | : ছাগলনাইয়া বাজারের পশ্চিম পার্শ্বে । |
| আটকের তারিখ ও সময় | : গত ২৯-০৭-২০২৩ খ্রিস্টাব্দ তারিখ আনুমানিক ০২:৩০ ঘটিকা। |
| আটককৃত মালামাল ও গাড়ির সংক্ষিপ্ত বর্ণনা | : ভারতীয় শাড়ী ১২৬৯পিস, ভারতীয় লেহেঙ্গা ০৯ পিস ও কার্গো গাড়ী (ঢাকা মেট্রো ট-১৬-৯৪৭৯। |
| আটককৃত মালামাল যে গুদামে জমা নেয়া হয় নাম ও তারিখ | : শুল্ক গুদাম ফেনী, তারিখ: ০৩-০৮-২০২৩। |
| আটককৃত মালামাল ও গাড়ির কাস্টমস গুদাম কর্মকর্তা কর্তৃক নিরুপিত মূল্য | : ৫৪, ৬২,৩০০/- (চুয়ান্ন লক্ষ বাষট্টি হাজার তিনশত) টাকা । |

সূত্রীয় জিআরভুক্ত মামলার প্রতিবেদন থেকে জানা যায় যে, উপর্যুক্ত আটককারী কর্তৃপক্ষ কর্তৃক উপস্থিত লোকজন ও সাক্ষীগণের সামনে চোরাইপথে ভারত থেকে আনিত উপরে উল্লিখিত মালামালের আটক প্রতিবেদন তৈরি পূর্বক Section169 মোতাবেক শুল্ক গুদামে জমা প্রদান করা হয়। দায়িত্বপ্রাপ্ত গুদাম কর্মকর্তা কর্তৃক আটক পণ্য ও গাড়ির মূল্য নিরূপণ করা হয়।

২। আটককারী কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত আটক প্রতিবেদনে বর্নিত পণ্য ফেনী শুল্ক গুদামে জমা দেয়া হয়। উক্ত পণ্য শুল্ক করাদি ফাঁকি দিয়ে অবৈধ পথে চোরাচালানের মাধ্যমে বাংলাদেশে প্রবেশ করানোর কারনে আটক মামলা দায়ের করে ন্যায়-নির্ণয়নের জন্য গত ১৬-০৮-২০২৩ তারিখে ফেনী বিভাগীয় কর্মকর্তা কর্তৃক আটক প্রতিবেদন এ দপ্তরে প্রেরণ করেন। আলোচ্য ক্ষেত্রে আটককৃত পণ্য শুল্ককরাদিবিহীন অবৈধ পথে অবৈধভাবে দেশে প্রবেশ করানোর দায়ে The Customs Act, 1969 (IV of 1969) এর Section 2 এর Clause (s) এর আওতায় অপরাধ সংঘটিত হয়েছে। এরূপ কার্যক্রম The Customs Act, 1969 (IV of 1969) এর Section 156(1) এর Table-1 এর Clause 8 ও 9 (i) এর বিধান মোতাবেক দন্ডনীয় অপরাধ।

৩। উল্লিখিত জিআর এ বর্নিত জব্দকৃত মালামাল ও গাড়ির কোন বৈধ মালিক/দাবিদার থাকলে আগামী দশ (১০) কার্যদিবসের মধ্যে যথাযথ প্রমাণক/দলিলাদিসহ এ দপ্তরে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে যথাযথ দলিলাদি প্রমানকসহ মালিকানা দাবী করতে ব্যর্থ হলে আর কোন প্রকার নোটিশ ব্যতিরেকে মামলায় বর্ণিত সমুদয় পণ্য ও আটককৃত গাড়িটি আইনানুগ নিষ্পত্তি করা হবে।

আদেশক্রমে

২১.০৯.২৫

মোঃ আতিকুর রহমান
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে।
E-mail: cevccomilla@gmail.com

**বিতরণ:**
১. নোটিশ বোর্ড, সদর দপ্তর, কুমিল্লা (সদর দপ্তরের ওয়েব সাইড আপলোডসহ)
২. নোটিশ বোর্ড, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ফেনী।
৩. নোটিশ বোর্ড, শুল্ক গুদাম, ফেনী।